NOV. 20 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ... ১ ...

# চঃবিঃর ভর্তিচ্ছু ছাত্রছাত্রীরা হয়রানির শিকার

**চট্টগ্রাম ব্যুরো ঃ** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ আহূত অবরোধ কর্মসূচীর ফলে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীরা হয়রানির শিকার হচ্ছে। গতকাল শহরস্থ রেলস্টেশনে দু'জন ছাত্রের সনদপত্র ছিনতাই হয়েছে। সাধারণ ছাত্রছাত্রী ঐক্য পরিষদ ক্যাম্পাসে যাতায়াতে নিরাপত্তা নিশ্চিত করতে ৭ দফা দাবী দিয়েছে। জানা যায়, ছাত্রলীগ আহূত অবরোধের মধ্যে গত রবিবার ক্যাম্পাসে ক্লাসসমূহ স্বাভাবিকভাবে চললেও দু'টি বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। বিশ্ববিদ্যালয় শাটল ট্রেন সকালে ছাত্রলীগের বাধার ফলে তিন ঘন্টা বিলম্বে ক্যাম্পাসে পৌঁছেছে। এ সময় শহরে রেলস্টেশনে ছাত্রলীগ কর্মীরা ভর্তিচ্ছু ছাত্রছাত্রীর ব্যাগ তল্লাশি করে এবং শিবির কর্মী সন্দেহে দু'জন ছাত্রের সনদপত্র ছিনিয়ে নেয় বলে প্রত্যক্ষদর্শীরা জানায়। পরে পুলিশ প্রহরায় শাটল ট্রেন চলাচল করে। এদিকে ক্যাম্পাসে যাতায়াত নিরাপদ করতে সাধারণ ছাত্রছাত্রী ঐক্য পরিষদ ৭ দফা দাবী ঘোষণা করেছে। রবিবার চট্টগ্রাম প্রেস ক্লাব চত্বরে এক সমাবেশে এ দাবী করা হয়। দাবীর মধ্যে রয়েছে ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠান নিশ্চিত করা, ক্যাম্পাসকে সন্ত্রাসমুক্ত করা, একাডেমিক ক্যালেন্ডার চালু করা ইত্যাদি। সমাবেশে তাছলিমা আকতার, গিয়াস উদ্দিন জুয়েল, আবুল কালাম আজাদ, জোনিফার ফৌজি শিলা প্রমুখ বক্তব্য রাখেন।